



১৮ ডিসেম্বর ২০১৬

প্রেসবিজ্ঞপ্তি

“স্থানীয় শাসন ব্যবস্থায় নারীর ক্ষমতায়নের জন্য স্থানীয় সরকার কাঠামোর আমূল পরিবর্তন প্রয়োজন”-
‘ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনে নারী সদস্যদের ক্ষমতা ও কার্যাবলীঃ বাস্তবায়নে করণীয়’ শীর্ষক
একটি আলোচনা সভায় বক্তারা

আজ ১৮ ডিসেম্বর ২০১৬ তারিখ ঢাকার ডেইলী স্টার ভবনের আজিমুর রহমান কনফারেন্স কক্ষে দুপুর ৩.০০ - বিকাল ৫.০০ পর্যন্ত “ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনে নারী সদস্যদের ক্ষমতা ও কার্যাবলীঃ বাস্তবায়নে করণীয়” শীর্ষক একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় সংসদ সদস্য এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর সংসদীয় স্থায়ী কমিটির সদস্য ফজলে হোসেন বাদশা; মাননীয় সংসদ সদস্য শিরিন আখতার; স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগের উপ সচিব জনাব মাহবুবুর রহমান; আইন কমিশন বাংলাদেশ এর সিনিয়র গবেষণা কর্মকর্তা হাবিবুর রহমান সহ প্রমুখ।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগের উপ সচিব জনাব মাহবুবুর রহমান বলেন- ইউনিয়ন পরিষদ আইনের বিধিমালা খসড়া প্রণয়ন করা হয়ে গেছে এবং এ সংক্রান্ত গেজেট প্রকাশিত হয়েছে। বিধিমালা প্রণয়নের ফলে স্থানীয় সরকার বিশেষকরে ইউনিয়ন পরিষদে নারীর ক্ষমতায়ন আরো সুদৃঢ় হবে।

মাননীয় সংসদ সদস্য শিরিন আখতার বলেন- নারীর ক্ষমতায়নের জন্য তাদের অধিকার সম্পর্কে সচেতনতার পাশাপাশি তা প্রয়োগের পরিবেশ সৃষ্টি করতে হবে। সে ক্ষেত্রে অধিকার বাস্তবায়নের জন্য ইউনিয়ন পরিষদের সংরক্ষিত নারী সদস্যবৃন্দের স্ব-উদ্যোগে ফোরামের সৃষ্টি করা প্রয়োজন যার মাধ্যমে তারা তাদের অধিকারের চর্চা করতে পারবে।

মাননীয় সংসদ সদস্য এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য ফজলে হোসেন বাদশা বলেন, ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনে নারী সদস্যরা সমান অধিকারের দাবীদার। সংসদীয় স্থায়ী কমিটির সভায় নারীদের অধিকারের বিষয়টি তুলে ধরা প্রয়োজন। তাছাড়া স্থানীয় সরকারে নারীর ক্ষমতায়নের জন্য স্থানীয় সরকার কাঠামোর পরিবর্তন করা প্রয়োজন।

নাগরিক উদ্যোগ-এর প্রধান নির্বাহী কর্মকর্তা জাকির হোসেন-এর সঞ্চালনায় উক্ত আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ সুপ্রীম কোর্টের আইনজীবী ও ব্লাস্টের উপদেষ্টা (কমিউনিটি জাস্টিস) মো: তাজুল ইসলাম।

উক্ত সভায় স্বাগত বক্তব্য রাখেন ব্লাস্ট ঢাকা ইউনিট এর সমন্বয়কারী এডভোকেট খন্দকার আব্দুল মান্নান। সভায় ইউনিয়ন পরিষদের সংরক্ষিত নারী সদস্যবৃন্দ, আইনজীবী, গবেষক, মানবাধিকার কর্মী, সাংবাদিকসহ প্রমুখ উপস্থিত ছিলেন।

বার্তা প্রেরক

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: mahbuba@blast.org.bd